



(https://www.banglanews24.com)

🏠 (https://www.banglanews24.com) / জাতীয় (./category/জাতীয়/1)

## মেয়রকে ছাপিয়ে ব্যক্তি আনিসুল হক

| বাংলানিউজটোয়েন্টিফোর.কম

আপডেট: ০০৩৭ ঘণ্টা, ডিসেম্বর ২, ২০১৭

0 Share



ঢাকা: বিতক্ত ঢাকার উত্তরাংশের প্রথম মেয়র আনিসুল হক। তৈরি পোশাক শিল্পের প্রসিদ্ধ এ উদ্যোক্তা দেশের ব্যবসায়ী সমাজকে নেতৃত্ব দিয়েছেন সামনে থেকে।

২০০৫ থেকে ২০০৬ সালে পোশাক মালিকদের সংগঠন বিজিএমইএ'র সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন। এরপর ২০০৮ সালে ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআই'র সভাপতিও নির্বাচিত হন তিনি।

তবে আনিসুল হক বাংলাদেশের জাতীয় রাজনীতিতে সক্রিয় হন ২০১৫ সাল থেকে। ওই বছর নির্বাচনে আওয়ামী লীগের টিকিটে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র নির্বাচিত হন ব্যবসায়ীদের এ নেতা।

এরপর থেকে সিটি কর্পোরেশন এলাকায় বিভিন্ন উদ্যোগ, কাজ এবং উজির মাধ্যমে বার বার আলোচনায় সমালোচনায় আসেন তিনি। তবে রাজনীতিতে এসে তার সমালোচনা হলেও এ নগর পিতার ব্যক্তিগত ব্যর্থতাই মুখ সর্বাংগ।

(http://a-great-us-visa-intl.fyi/?ref=eastwestmedia-banglanews24.1159847&sub\_banglanews24.1159847~search2&tbid=1297809&tband=view&tbserp=search&c9Wc18u3uKUw)

Residents of Bangladesh Might Get a US Visa Easily  
US Visa Search | Sponsored (https://popup.taboola.com/en/?template=colo

# BANGLA

# NEWS



রুমি: [www.banglanews24.com](http://www.banglanews24.com) হলে আমাকে বলবা।

কথাগুলো বলতে বলতে গলাটা ধরে আসে রিপনের। দু'চোখের কোনো বেয়ে অশ্রু গড়াতে শুরু করে।

ডিএনসিসির দুই নিরাপত্তা কর্মী রিপন ও আমিনুল ধরা গলায় রিপন বলেন, স্যার এতো বড়ো একজন মানুষ কখনো বুঝতে দিতেন না, নিজের ভিতরে কোনো অহংকার ছিলো না। আমাদের সাথে এক টেবিলে বসে ইফতারি করেছেন। রমজান মাসে প্রতিদিন প্রত্যেককে ১শ' করে টাকা দিতেন ইফতারি করতে।

শুক্রবার (১ ডিসেম্বর) বিকেলে বিভিন্ন নেতাকর্মীদের রেখে যাওয়া আনিসুল হকের কয়েকটি ছবি দেখিয়ে রিপন বলেন, স্যারের ছবিগুলো এখানে রেখে গেছে, দেখে খুব খারাপ লাগছে। চোখের পানি ধরে রাখতে পারছি না। এজন্য ছবিগুলো উল্টে রেখেছি।

আমিনুল হক নামের আরেক নিরাপত্তাকর্মী বলেন, স্যারের কি হলো বুঝতেই পারলাম না। ভালো একজন মানুষ নাটিকে দেখতে গেলেন আর কি এমন হলো যে স্যার মারা গেলেন। আগে কখনো দেখিনি স্যার অসুস্থ ছিলেন। সব সময় কাজ করতেন। যেকোনো কাজে নিজে সামনে থেকে নেতৃত্ব দিতেন। তবে একদিন দেখেছি স্যার বাইরে রোদের মধ্যে রাস্তার কাজ করে অফিসে আসেন। পরে অসুস্থ হয়ে পড়ায় দুই জনে ধরে স্যারকে বাইরে নিয়ে যায়।

এর আগে কথা হয় আনিসুল হকের বনানীস্থ বাসভবনের নিরাপত্তাকর্মী আমিনুল ইসলামের সাথে। তিনি বলেন, আমরা তো কর্মচারী। তবুও আমাদের সাথে বাবা ছাড়া কথা বলতেন না। বাসা থেকে বাইরে যাওয়ার সময়, ফেরার সময় শুনতেন আমরা খেয়েছি কিনা, কোনো সমস্যা আছে কিনা। অনেক সময় দেখতাম বিপদে পড়ে অনেকে স্যারের কাছে আসতো। স্যার প্রত্যেকের কথা শুনতেন এবং সাহায্য করতেন।

জীবনের ধাপে ধাপে সফল এই মানুষটি ১৯৫২ সালের ২৭ অক্টোবর নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জে জন্মগ্রহণ করেন। ৬৫ বছর বয়সে গত ৩০ নভেম্বর বাংলাদেশ সময় রাত ১০.২৩ মিনিটে লন্ডনের ওয়েলিংটন হাসপাতালে চিকিৎসাসহী অবস্থায় মারা যান তিনি।

সেখানে প্রথম জানাজা শেষে বাংলাদেশ বিমানের একটি ফ্লাইটে তার মরদেহ ঢাকায় আনা হচ্ছে। ফ্লাইটটি শনিবার বেলা ১টার দিকে ঢাকা পৌঁছাবে বলে জানা গেছে।


বাংলাদেশ সময়: ০৬৩১ ঘণ্টা, ডিসেম্বর ২, ২০১৭

এসআইজে/আরআই

Like Share 0 Tweet

ইউটিউব সাবস্ক্রাইব করুন

YouTube



বাংলানিউজটোয়েন্টিফোর.কম'র প্রকাশিত/প্রচারিত কোনো সংবাদ, তথ্য, ছবি, আলোকচিত্র, রেখাচিত্র, ভিডিওচিত্র, অডিও কনটেন্ট কপিরাইট আইনে পূর্বানুমতি ছাড়া ব্যবহার করা যাবে না।

(http://a-great-us-visa-intl.fyi/?ref=eastwestmedia-banglanews24.1159847&sub-banglanews24.1159847~search2&tid=1297809&tband=view&tbserp=search&c9Wc18u3uKUw) মুক্তিযোদ্ধাদের যাচাই-বাছাই কার্যক্রমের তারিখ পরি

(https://www.banglanews24.com/national/ne Residents of Bangladesh Might Get a US Visa Easily US Visa | Search | Sponsored (https://popup.taboola.com/en/?template=colo